সমকাল
তারিখ ... 15 JUL 2010 ...
পৃষ্ঠা ... ৫ ...

যুগান্তর

সিটি কর্পোরেশনে নির্বাচনী প্রচারণায় রাজশাহীর মেয়র প্রার্থী সাবেক ছাত্রনেতা নাসির আহম্মেদ (বাঁয়ে), শুক্রবার খুলনা প্রেস ক্লাবে সংবাদ সম্মেলনে মেয়র প্রার্থী ফিরোজ আহমেদের নির্বাচনী ইশতেহার ও ১১ দফা কর্মসূচি ঘোষণা

বরিশালের ৩ মেয়র প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক ও এসএসসি

কোনরকম লেখাপড়া জানেন ৭৫ কাউন্সিলর প্রার্থী

আকতার ফারুক শাহিন, *বরিশাল ব্যুরো*

বরিশালে সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদের প্রতিদ্বন্দ্বিতায় শীর্ষে থাকা ৪ প্রার্থীর ৩ জনেরই শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক ও এসএসসি পর্যন্ত। কোনরকমে লিখতে-পড়তে জানেন কাউন্সিলর ও সংরক্ষিত মহিলা আসনের ৭৫ জন প্রার্থী। ১০টি সংরক্ষিত আসনে প্রার্থী হওয়া ৩৪ জন নারীর মধ্যে ২৭ জনই পেরুতে পারেননি স্কুলের গণ্ডি। এদের মধ্যে আবার ৮ জন কেবল নিজের নাম স্বাক্ষর করতে পারেন।

বরিশাল সিটি নির্বাচনে মেয়র ও কাউন্সিলর মিলিয়ে মোট ২৩০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এদের মধ্যে ১০ জন মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে ৪ জন পদের প্রতিদ্বন্দ্বিতায় শীর্ষে থাকা ১৪ দলের প্রার্থী আওয়ামী লীগ নেতা অ্যাডভোকেট শওকত হোসেন হিরনের শিক্ষাগত যোগ্যতা বিএ-এলএলবি। বহিষ্কৃত বিএনপি নেতা সাবেক মেয়র আহসান হাবিব কামাল পড়াশোনা করেছেন উচ্চ মাধ্যমিক পর্যন্ত। একই অবস্থা চেম্বার সভাপতি বিএনপি নেতা এবায়েদুল হক চানের। মাধ্যমিক পাসের পর পড়াশোনা শেষ হয়ে গেছে স্বতন্ত্র প্রার্থী সরফুদ্দিন সান্টুর। এ ৪ জনের বাইরে নাগরিক পরিষদের একাংশের প্রার্থী এনায়েত পীর খানের শিক্ষাগত যোগ্যতা এমএ-এলএলবি। সিপিবি'র সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ পড়াশোনা করেছেন স্নাতক শ্রেণী পর্যন্ত। বিএ-এলএলবি পাস মুক্তিযোদ্ধা— [illegible] (মাস্টার ফজলু নেতা) [illegible] ৪ [illegible] ৪৭-৫৫ [illegible] ৩। [illegible]

খুলনায় মেয়র প্রার্থী ফিরোজ আহমেদের ১১ কর্মসূচি ঘোষণা

খুলনা ব্যুরো

খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদপ্রার্থী কমিউনিস্ট পার্টির নেতা অ্যাডভোকেট ফিরোজ আহমেদ তার নির্বাচনী ইশতেহার ও ১১ দফা কর্মসূচি ঘোষণা করেছেন। তিনি 'খুলনা নাগরিক সমাজের' প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছেন। শুক্রবার সকালে খুলনা প্রেস ক্লাবে আয়োজিত নাগরিক সমাজের সংবাদ সম্মেলনে মেয়র পদপ্রার্থী ফিরোজ আহমেদ খুলনা মহানগরীকে একটি আদর্শ নগর হিসেবে গড়ে তোলার লক্ষ্যে তার নির্বাচনী ইশতেহার ঘোষণা করে ১১ দফা কর্মসূচির কথা জানান। এসব কর্মসূচির মধ্যে রয়েছে— হোল্ডিং ট্যাক্স ও অন্যান্য কর বৃদ্ধি না করে কেসিসির নিজস্ব আয় বৃদ্ধি করা, সুপেয় পানি ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা, প্রয়োজনে মিল কল-কারখানাগুলো [illegible]

সিটি কর্পোরেশনের মেয়র নির্বাচনে যুক্ত হবে না ওয়ার্কার্স পার্টি

সিটি কর্পোরেশনের মেয়র পদের নির্বাচন থেকে বিরত থাকার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি। তারা বলেছে, রাজশাহীতে মেয়র প্রার্থিতাকে কেন্দ্র করে সৃষ্ট ঘটনা যে নেতিবাচক প্রতিক্রিয়া সৃষ্টি করেছে তার পরিপ্রেক্ষিতে সব সিটি কর্পোরেশনের মেয়র পদের নির্বাচনে পার্টিগতভাবে বিরত থাকার এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

শুক্রবার ওয়ার্কার্স পার্টির সভাপতি রশেদ খান মেননের সভাপতিত্বে তেলপট্টি রোডস্থ দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত পলিটব্যুরোর সভায় গৃহীত সিদ্ধান্তে এ কথা বলা হয়। পার্টির সাধারণ সম্পাদক বিমল বিশ্বাস, পলিটব্যুরোর সদস্য শরীফ হাসান খান, ফজলে হোসেন বাদশা, আনিছুর রহমান মল্লিক, আজিজুর রহমান, হাফিজুর রহমান প্রমুখ বৈঠকে বক্তব্য দেন।

পলিটব্যুরোর সভায় গৃহীত প্রস্তাবে বলা হয়, রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র পদে ১৪ দলের অনুমোদিত প্রার্থী দলের পলিটব্যুরোর সদস্য ফজলে হোসেন বাদশার প্রার্থিতা প্রত্যাহারের ঘটনাবলী পর্যালোচনায় দেখা গেছে, ঐক্যবদ্ধ সিদ্ধান্ত বাস্তবায়নে অবিশ্বস্ততার যে প্রকাশ ঘটেছে অসাম্প্রদায়িক শক্তির ঐক্যের ক্ষেত্রে তা আরেকটি দুর্ভাগ্যজনক অভিজ্ঞতা। সংবাদ বিজ্ঞপ্তি।

নিয়েও এতে যোগ দেন। উৎসব চ[illegible] ইউনিটি প্রাঙ্গণ ছিল মুখরিত। ইউনিটির তরুণ-নবীন সদস্য, সাবেক [illegible] সম্পাদকসহ অনেক সাংবাদিক পরি[illegible] সদস্যদের নিয়ে এতে যোগ দেন। উৎসব আড্ডা, কুশল বিনিময় এবং ফাঁকে পরিবারের সদস্যদের নিয়ে ফল [illegible]

শুক্রবার নেলসন ম্যান্ডেলার ৯০তম [illegible] ঋত্বিক শিল্পীগোষ্ঠীর শিল্পীদের সঙ্গীত [illegible]

গানে গানে জন্মদিন

শিক্ষা নিয়ে হাত সাফাই